

**ঢাকার ২৪ সরকারি  
স্কুলে ভর্তি ফরম  
বিক্রি শুরু আজ**

■ ইত্তেফাক রিপোর্ট  
রাজধানীর ২৪টি সরকারি মাধ্যমিক  
বিদ্যালয়ে ২০১৩ শিক্ষাবর্ষে ভর্তির জন্য  
ফরম বিক্রি কার্যক্রম আজ শনিবার  
থেকে শুরু হচ্ছে। ৯ ডিসেম্বর পর্যন্ত  
ভর্তি ফরম বিক্রি ও জমা দেয়ার  
কার্যক্রম চলবে। শুক্রবার বাদে প্রতিদিন  
সকাল সাড়ে ৯টা থেকে বিকাল ৩টা  
পর্যন্ত ফরম বিক্রি ও জমা দেয়া যাবে।  
ভর্তি ফরমের মূল্য ১০০ টাকা। একটি  
ক্যাটাগরির পৃষ্ঠা ১৯ কলাম ২

**ঢাকার ২৪ সরকারি**

প্রথম পৃষ্ঠার পর  
বিদ্যালয় থেকে শিক্ষার্থীরা একটি ফরম কিনতে পারবে। তিন ক্যাটাগরির বিদ্যালয়  
থেকে সর্বোচ্চ তিনটি ফরম কেনা যাবে। যে স্কুলের ভর্তির ফরম সেই স্কুল থেকেই  
বিক্রি করা হবে।

দ্বিতীয় থেকে ৮ম শ্রেণীতে ভর্তির জন্য রাজধানীর ২৪টি স্কুলকে আগের মতোই  
তিনটি গ্রুপে ভাগ করা হয়েছে। প্রতিটি গ্রুপে আটটি স্কুল রয়েছে। 'এ' গ্রুপের  
স্কুলগুলোতে ১৪ ডিসেম্বর, 'বি' গ্রুপের স্কুলগুলোতে ১৫ ডিসেম্বর এবং 'সি' গ্রুপের  
স্কুলগুলোতে ১৭ ডিসেম্বর ভর্তি পরীক্ষা হবে।

গত দুই বছরের মতো এবারো ১ম শ্রেণীতে শিক্ষার্থী বাছাই করতে লটারী  
অনুষ্ঠিত হবে। আগামী ২৭ ডিসেম্বর এই লটারী হবে এবং ওইদিনই ফল ঘোষণা করা  
হবে। প্রতিটি শিফটের লটারী হবে সকাল ১০টায় আর দ্বিতীয় শিফটের লটারী হবে  
বিকাল ২টায়।

এবে শিক্ষা মন্ত্রণালয়ের জারি করা ২০১৩ শিক্ষাবর্ষের ভর্তি নীতিমালা অনুযায়ী  
৯ম শ্রেণীতে ভর্তিতে কোনো পরীক্ষা বা লটারী হবে না। জুনিয়র স্কুল সার্টিফিকেট ও  
জুনিয়র দাখিল সার্টিফিকেট পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ভর্তি করা হবে। সর্বশেষ  
শিক্ষাবোর্ড যেখানকার ভর্তি করবে।

পরীক্ষার সময় ও মান বন্টন: ২য় ও ৩য় শ্রেণীতে লিখিত ভর্তি পরীক্ষার জন্য  
ভর্তিছুরা সময় পাবে ১ ঘণ্টা। ৫০ নম্বরের পরীক্ষায় বাংলা থেকে ১৫ নম্বর, ইংরেজি  
থেকে ১৫ ও গণিত থেকে ২০ নম্বরের প্রশ্ন থাকবে। ২য় থেকে ৪র্থ শ্রেণীর পরীক্ষা শুরু  
হবে সকাল ১০টায়। ৪র্থ থেকে ৮ম শ্রেণী পর্যন্ত ভর্তি পরীক্ষার সময় ২ ঘণ্টা। ১০০  
নম্বরের পরীক্ষায় বাংলা ৩০, ইংরেজি ৩০ ও গণিতের প্রশ্ন থাকবে ৪০ নম্বরের।  
পরীক্ষা শুরু হবে দুপুর ২টায়।

১ম শ্রেণীতে আসন সংখ্যা: রাজধানীর ২৪টি স্কুলের মধ্যে কেবল ১৩টিতে প্রথম  
শ্রেণীতে শিক্ষার্থী ভর্তি করানো হয়। এর মধ্যে গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুলে প্রথম  
শ্রেণীতে শূন্য আসন আছে ২৪০টি, মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে ১২০টি,  
ধানমন্ডি গভর্নমেন্ট বয়েজ হাই স্কুলে ১৬০টি, তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়ে  
১২০টি, তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ১২০টি, বিদগাঁও সরকারি উচ্চ  
বিদ্যালয়ে ৫০টি ও নারিন্দা সরকারি উচ্চ বিদ্যালয়ে ১২০টি।

এ ছাড়া বাংলাদেশ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে প্রথম শ্রেণীতে শূন্য  
আসন আছে ১২০টি, শেরে বাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ১২০টি,  
সরকারি বিজ্ঞান কলেজ সংযুক্ত হাই স্কুলে ১২০টি, মোহাম্মদপুর সরকারি উচ্চ  
বিদ্যালয়ে ৫৫টি, গণভবন সরকারি উচ্চ বিদ্যালয়ে ১২০টি এবং শেরেবাংলা নগর  
সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে ভর্তিযোগ্য শূন্য আসন আছে ১২০টি।

কোন গ্রুপে কোন স্কুল : 'এ' গ্রুপের স্কুলগুলো হচ্ছে: গভ: ল্যাবরেটরি হাই  
স্কুল, তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়,  
বিদগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, নিউ গভর্নমেন্ট গার্লস হাই স্কুল, নবাবপুর সরকারি  
উচ্চ বিদ্যালয়, ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয় ও ধানমন্ডি কামরুন্নেসা সরকারি  
বালিকা বিদ্যালয়।

'বি' গ্রুপের স্কুলগুলো হচ্ছে: মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, নারিন্দা  
সরকারি উচ্চ বিদ্যালয়, সরকারি বিজ্ঞান কলেজ সংযুক্ত হাই স্কুল, গভ: মুসলিম হাই  
স্কুল, বাংলাদেশ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর সরকারি বালক  
উচ্চ বিদ্যালয়, ধানমন্ডি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও মোহাম্মদপুর সরকারি  
উচ্চ বিদ্যালয়।

'সি' গ্রুপের স্কুলগুলো হচ্ছে: ধানমন্ডি গভ: বয়েজ হাই স্কুল, আরমানিটোলা  
সরকারি উচ্চ বিদ্যালয়, মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, টিকাতলা কামরুন্নেসা  
সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা  
কলেজিয়েট স্কুল, শেরে বাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও গণভবন  
সরকারি উচ্চ বিদ্যালয়।